গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা
১৪৫, নিউ বেইলী রোড, ঢাকা।
www.nlaso.gov.bd

স্মারক নং- ১০.০৭.০০০০.০০০.০০২.২৯.০০০২.২৫-৩১৬

তারিখঃ ২৫ আষাঢ় ১৪৩৩
৯ জুলাই ২০২৬

**বিষয়ঃ মামলাপূর্ব বাধ্যতামূলক মেডিয়েশন কার্যক্রম বাস্তবায়ন বিষয়ে প্রস্তুতিমূলক সভা আয়োজন।**

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, আদালতের মামলাজট নিরসন এবং মামলা দ্রুত ও কার্যকর পদ্ধতিতে নিষ্পত্তির লক্ষ্যে 'আইনগত সহায়তা প্রদান (সংশোধন) আইন, ২০২৬' প্রণয়নের মাধ্যমে বাংলাদেশ আইনগত সহায়তা অধিদপ্তরের কার্যপরিধি সম্প্রসারণ করা হয়েছে। উক্ত আইনের ধারা ২১(খ) অনুযায়ী কতিপয় ক্ষেত্রে বাধ্যতামূলক মামলাপূর্ব মধ্যস্থতা (Pre-case Mediation) প্রক্রিয়ার উদ্যোগ গ্রহণ এবং ধারা ২১(গ) অনুযায়ী মধ্যস্থতা-চুক্তির কার্যকারিতা সংক্রান্ত বিধান সরকার প্রজ্ঞাপন দ্বারা নির্ধারণ করেছে। মাঠপর্যায়ে উক্ত আইনের বিধানসমূহ বাস্তবায়ন কৌশল নির্ধারণের লক্ষ্যে বিজ্ঞ জেলা ও দায়রা জজ, চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, চীফ লিগ্যাল এইড অফিসার এবং লিগ্যাল এইড অফিসারদের সমন্বয়ে আগামী ১৩/০৭/২০২৬ তারিখ রোজ সোমবার বিকাল ৩:৩০ ঘটিকায় মামলাপূর্ব বাধ্যতামূলক মেডিয়েশন কার্যক্রম বাস্তবায়ন বিষয়ে প্রস্তুতিমূলক অনলাইন সভা আয়োজন করা হয়েছে।

০২। উক্ত প্রস্তুতিমূলক অনলাইন সভায় বগুড়া, ঠাকুরগাঁও, পটুয়াখালী, ভোলা, নাটোর, যশোর, শরীয়তপুর, কক্সবাজার, পঞ্চগড় এবং টাঙ্গাইল জেলার বিজ্ঞ জেলা ও দায়রা জজ, চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, চীফ লিগ্যাল এইড অফিসার এবং লিগ্যাল এইড অফিসারগণকে অংশগ্রহণের জন্য অনুরোধ করা হলো।

০৯.৭.26

**(রিফাত আরা সুলতানা)**
সহকারী পরিচালক (প্রশাসন)
(সিনিয়র সিভিল জজ)
ফোন: ০২-৪১০৩২২৯৪(অ:)
adadmin@dbla.gov.bd

Zoom Meeting ID: 998 2050 2328
Passcode:

**<u>কার্যার্থে ও জ্ঞাতার্থে বিতরণ (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়):</u>**

১। চেয়ারম্যান, জেলা লিগ্যাল এইড কমিটি এবং বিজ্ঞ জেলা ও দায়রা জজ বগুড়া, ঠাকুরগাঁও, পটুয়াখালী, ভোলা, নাটোর, যশোর, শরীয়তপুর, কক্সবাজার, পঞ্চগড় এবং টাঙ্গাইল ।
২। চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, চীফ জুডিসিয়াল আদালত বগুড়া, ঠাকুরগাঁও, পটুয়াখালী, ভোলা, নাটোর, যশোর, শরীয়তপুর, কক্সবাজার, পঞ্চগড় এবং টাঙ্গাইল ।
৩। চীফ লিগ্যাল এইডক অফিসার/লিগ্যাল এইড অফিসার, জেলা লিগ্যাল এইড অফিস, বগুড়া, ঠাকুরগাঁও, পটুয়াখালী, ভোলা, নাটোর, যশোর, শরীয়তপুর, কক্সবাজার, পঞ্চগড় এবং টাঙ্গাইল ।
৪। উপপরিচালক (প্রশাসন/অর্থ ও হিসাব), বাংলাদেশ আইনগত সহায়তা অধিদপ্তর।
৫। সহকারী পরিচালক (মনিটরিং/অর্থ ও হিসাব), বাংলাদেশ আইনগত সহায়তা অধিদপ্তর।
৬। মহাপরিচালক এর ব্যক্তিগত সহকারী, বাংলাদেশ আইনগত সহায়তা অধিদপ্তর।
৭। অফিস কপি/গার্ড ফাইল/ওয়েবসাইট।